



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২১ জুন ২০২৩

তারিখ:-----

০৭ আষাঢ় ১৪৩০

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২০ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-২ এর উপ-অনুচ্ছেদ-২.১ এর পর নিম্নরূপ নতুন উপ-অনুচ্ছেদ ২.২ সন্নিবেশিত হবে:

২.২। ০১ এপ্রিল ২০২৩ তারিখ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত সময়কালে অশ্রেণিকৃত তলবী ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদেয় অর্থের ন্যূনতম ৫০(পঞ্চাশ) শতাংশ ৩০ জুন ২০২৩ এর মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ জুন, ২০২৩ ত্রৈমাসিকে মেয়াদোত্তীর্ণ/বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। অবশিষ্ট প্রদেয় অর্থ সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে গ্রাহক কর্তৃক পরিশোধ করতে হবে।

৩। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১১/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২